



## হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের নতুন সচিব বিষ্ণু কুমার সরকার

বিষ্ণু কুমার সরকার  
সচিব  
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

বিষ্ণু কুমার সরকার ১৯৭০ সালে নাটোর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী ইউনিভারসিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনলজি (রয়েট) হতে ১৯৯২ সালে ব্যাচেলর অব সায়েন্স ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ২০১৫ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এন্ড ডেভলপমেন্ট, ব্রাক বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স অব আর্টস ইন গভর্ন্যান্স এন্ড ডেভলপমেন্ট ডিগ্রি অর্জন করেন।

তিনি অষ্টাদশ বাংলাদেশ সিভিল সার্ভিস (সচ'শ বিসিএস) এর মাধ্যমে ১৯৯৯ সালের জানুয়ারী মাসে ক্যাডার কর্মকর্তা হিসাবে সরকারী চাকুরীতে যোগদান করেন। কর্মজীবনে তিনি প্রধানমন্ত্রীর দপ্তরের বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য অধিদপ্তর, খাদ্য অধিদপ্তরের সকল সাইলো, সরকারী আটা ও পশুখাদ্য মিল, ঢাকা, মংলা সাইলো নির্মাণ প্রকল্পে দায়িত্ব পালন করেন। বিগত ১৯.৩.১৯ তারিখ হতে তিনি ধর্ম মন্ত্রণালয়ের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব হিসাবে কর্মরত আছেন।

তিনি দেশে এবং বিদেশে অনেক প্রশিক্ষণ, সম্মেলনে অংশগ্রহণ করেন। তিনি সরকারী কাজে যুক্তরাজ্য, সিংগাপুর, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, ফিলিপাইন ও ভারত সফর করেন।

তিনি ইতিবাচক দৃষ্টিভঙ্গিসম্পন্ন জনকল্যাণমুখী সরকারী কর্মচারী। সরকারী সেবার মাধ্যমে এদেশের গরীব, দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোই তার জীবনের লক্ষ্য।